গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
শৃঙ্খলা শাখা
www.mefwd.gov.bd

স্মারক নম্বর : ৫৯.০০.০০০০.০০০.১১৭.২৭.০২১৭.২৬-২৮৪

তারিখ : ২৪ কার্তিক, ১৪৩৩ / ০৯ নভেম্বর, ২০২৬

বিষয় : ডা. নাফফাত আরা ঈশিতা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ নিষ্পত্তি।

সূত্র: (ক) পরিবার পরিকল্পনা অধিদপ্তরের পত্র নম্বর:- ৫৯.১১.০০০০.১৫৩.২৭.০০৯.২৪-২৭, তারিখ: ২১/০১/২০২৬; এবং
(খ) প্রশাসন-১ শাখার প্রজ্ঞাপন নম্বর - ৫৯.০০.০০০০.০০০.১০৪.০৮.০০২০.২৬-১৫৭২, তারিখ: ০৯/১১/২০২৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোস্থ পত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ডা. নাফফাত আরা ঈশিতা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা-এর বিরুদ্ধে 'সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮' এর বিধি-৩(খ) অনুযায়ী বিভাগীয় মামলা আনয়নের জন্য এ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়।

০২। এ বিভাগের প্রশাসন-১ শাখা হতে জারিকৃত প্রজ্ঞাপনমূলে বর্ণিত কর্মকর্তার ১১.১০.২০২২ তারিখ হতে ২৪.১০.২০২২ তারিখ পর্যন্ত ১৪ দিন অননুমোদিত অনুপস্থিতকালকে ভূতাপেক্ষভাবে 'নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯' এর বিধি-৯(৩) অনুযায়ী বিনা বেতনে অসাধারণ ছুটি (Leave without pay) মঞ্জুর করা হয়। এছাড়া, প্রশাসন-১ শাখার ১৩/১০/২০২২ তারিখের ৫৯.০০.০০০০.১০৪.০৮.০০৭.২০-১২৭৪ নম্বর প্রজ্ঞাপনমূলে তার অনুকূলে জাপানে অবস্থানরত স্বামীর সাথে সাক্ষাতের জন্য 'নির্ধারিত ছুটি বিধিমালা,১৯৫৯' এর বিধি-৩(১)(২) অনুযায়ী ১০.১০.২০২২ অথবা ছুটি ভোগের তারিখ হতে ৩০ (ত্রিশ) দিন মঞ্জুরকৃত এবং ২৫.১০.২০২২ হতে ২৩.১১.২০২২ তারিখ পর্যন্ত ভোগকৃত বহিঃবাংলাদেশ অর্জিত ছুটির ধারাবাহিকতায় অতিরিক্ত ভোগকৃত ২৪.১১.২০২২ হতে ৩০.১১.২০২২ খ্রি. পর্যন্ত ০৭ (সাত) দিন সময়কে 'নির্ধারিত ছুটি বিধিমালা, ১৯৫৯' এর বিধি-৯(৩) অনুযায়ী বিনা বেতনে অসাধারণ ছুটি (Leave without pay) মঞ্জুর করা হয়।

০৩। এমতাবস্থায়, ডা. নাফফাত আরা ঈশিতা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মা ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান, লালকুঠি, মিরপুর, ঢাকা-এর বিষয়ে এ বিভাগের প্রশাসন-১ শাখা হতে জারিকৃত প্রজ্ঞাপন বিবেচনায় ভবিষ্যতে এ ধরনের অনিয়মের পুনরাবৃত্তি না করার জন্য তাঁকে সতর্ক করণপূর্বক তার বিরুদ্ধে আনীত অভিযোগের বিষয়টি নির্দেশক্রমে নিষ্পত্তি করা হলো।

(উম্মে কুলসুম)
যুগ্মসচিব
ফোন: ৫৫১০১২৫১
Email: disc1@mefwd.gov.bd

মহাপরিচালক
পরিবার পরিকল্পনা অধিদপ্তর
৬, কাওরান বাজার ঢাকা-১২১৫।
[দৃষ্টি আকর্ষণ: পরিচালক (প্রশাসন), পরিবার পরিকল্পনা অধিদপ্তর]

স্মারক নম্বর : ৫৯.০০.০০০০.০০০.১১৭.২৭.০২১৭.২৬-২৮৪/১(১৪)

তারিখ : ২৪ কার্তিক, ১৪৩৩ / ০৯ নভেম্বর, ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। যুগ্মসচিব (পার-২ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২। বিভাগীয় পরিচালক (পরিবার পরিকল্পনা)/পরিচালক, ----------;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

৩। উপপরিচালক, বাংলাদেশ সরকারি ফর্ম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৪। উপসচিব (প্রশাসন-১ শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
৭। পরিচালক, এমসিএইচ-সার্ভিসেস ইউনিট, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান বাজার, ঢাকা;
৮। পরিচালক, মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), লালকুঠি, মিরপুর, ঢাকা;
৯। সিনিয়র সহকারী সচিব (শৃঙ্খলা শাখা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১১। ডা. নাফফাত আরা ঈশিতা, মেডিকেল অফিসার (এমসিএইচ-এফপি), মাতৃ ও শিশু স্বাস্থ্য প্রশিক্ষণ প্রতিষ্ঠান (এমসিএইচটিআই), লালকুঠি, মিরপুর, ঢাকা;
১২। অতিরিক্ত সচিব (প্রশাসন/জনসংখ্যা, পরিবার কল্যাণ ও আইন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৩। যুগ্মসচিব (শৃঙ্খলা/প্রশাসন/পার) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা; এবং
১৪। অফিস কপি।

০৯/১১/১৫
(উম্মে কুলসুম)
যুগ্মসচিব